

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭০২(আগরতলা ১৭।১।১)

আমবাসা, ১৭ নভেম্বর, ২০২৩

ধলাই জেলায় পর্যালোচনা সভায় প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী

উন্নয়ন কর্মসূচি রূপায়ণে আধিকারিকদের জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে কাজ করতে হবে

প্রাণীসম্পদ বিকাশ, মৎস্য ও তপশিলী জাতি কল্যাণ দপ্তরের উন্নয়ন কর্মসূচির সুযোগ সমস্ত অংশের মানুষের কাছে পৌছে দিতে হবে। উন্নয়ন কর্মসূচি রূপায়ণে দপ্তরের আধিকারিকদের বিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে কাজ করতে হবে। গতকাল সন্ধ্যায় ধলাই জেলার জেলাশাসক ও সমাহৃতার কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত সংশ্লিষ্ট দপ্তরগুলির এক পর্যালোচনা সভায় প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। পর্যালোচনা সভায় তিনি বলেন, কেন্দ্র ও রাজ্য সরকারের প্রকল্প ও পরিমেবার সুযোগ জনগণ যাতে যথাসময়ে পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। পর্যালোচনা সভায় তিনি ধলাই জেলার প্রাণীসম্পদ বিকাশ, মৎস্য ও তপশিলী জাতি কল্যাণ দপ্তরের বিভিন্ন কর্মসূচি নিয়ে পর্যালোচনা করেন। তিনি বলেন, ধলাই জেলা অ্যাসপিরেশনাল জেলা হিসেবে চিহ্নিত। তাই এই জেলার সার্বিক উন্নয়নে সরকার অগ্রাধিকার দিয়েছে। কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প এই জেলায় রূপায়িত হচ্ছে। মাছের উৎপাদন বৃদ্ধির জন্য জেলার যেসব জলাশয় এখনও মৎস্য চাষের আওতার বাইরে রয়ে গেছে সেগুলিকে পরিকল্পনা নিয়ে মৎস্য চাষের আওতায় নিয়ে আসতে হবে। তপশিলী জাতি কল্যাণ দপ্তরের স্টাইপেন্ডের সুযোগ যাতে তপশিলী জাতি সম্প্রদায়ের ছাত্রছাত্রীরা সময়মত পায় সেজন্যও তিনি দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন।

পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি অনাদি সরকার, বিধায়ক শস্ত্রুলাল চাকমা, বিধায়ক সম্পা দাস, বিধায়ক নন্দিতা দেববর্মা (রিয়াৎ), বিধায়ক পল ধাংশু, আমবাসা পুর পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন গোপাল সুত্রধর, কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা, সালেমা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুজিত বিশ্বাস, আমবাসা পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান অরুণ দেব, প্রিন্সিপাল সেক্রেটারি চৈতন্য মুর্তি, মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা শশীকুমার, ধলাই জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহৃতা বিশ্বজিৎ পাল, জেলার ৪টি মহকুমা মহকুমা শাসক, ৮টি ঝুকের বিডিও, প্রাণীসম্পদ বিকাশ, মৎস্য ও তপশিলী জাতি কল্যাণ দপ্তরের ধলাই জেলার আধিকারিক সহ সংশ্লিষ্ট দপ্তর সমূহের ইঞ্জিনীয়ার, জেলা, মহকুমা ও ঝুকস্তরের আধিকারিকগণ।

পর্যালোচনা সভায় আলোচনায় অংশ নেন প্রিন্সিপাল সেক্রেটারি চৈতন্য মুর্তি, মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা শশীকুমার, মহকুমা শাসক সহ সংশ্লিষ্ট তিনিটি দপ্তরের জেলার আধিকারিকগণ। সভার শুরুতে মৎস্য দপ্তরের জেলা আধিকারিক টিকেন্দ্রজিৎ জমাতিয়া চলতি অর্থবছর ও বিগত অর্থবছরের কাজের অগ্রগতির তথ্য তুলে ধরেন। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপঅধিকর্তা সঞ্জীব দাস দপ্তরের চলতি অর্থবছর ও বিগত অর্থবছরের কাজের চিত্র তুলে ধরেন। সবশেষে তপশিলী জাতি কল্যাণ দপ্তরের জেলা কল্যাণ আধিকারিক প্রবীর দেববর্মা দপ্তরের চলতি অর্থবছরের কাজের চিত্র তুলে ধরেন।
